গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৪-মার্চ ২০২৪ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) |
| সভার তারিখ | : | ২৯ এপ্রিল ২০২৪ |
| সভার সময় | : | সকাল ১০.০০ টা |
| স্থান | : | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২.০ আলোচনা

২.১ ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন অগ্রগতির ৩য় কোয়ার্টারের (জানুয়ারি, ২০২৪-মার্চ, ২০২৪) ফিডব্যাক সংক্রান্ত সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে অনুরোধ করেন।

২.২ সভায় দপ্তর/সংস্থার দাখিলকৃত ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৪-মার্চ ২০২৪ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ সভায় উপস্থাপন করা হয়। ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ১.৬ কার্যক্রমের লক্ষ্যমাত্রায় বর্ণিত রয়েছে যে, আগামী ৩০ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে। সে আলোকে অদ্যকার ফিডব্যাক সভা আয়োজন করা হয়েছে।

২.৩ সভায় আরো উল্লেখ করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৩-২৪ এর ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ সফটওয়্যারে দাখিল করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা তথা সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৪-মার্চ ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন শুদ্ধাচার সংক্রান্ত সফটওয়্যারে দাখিল করেছে। যথাসময়ে সকল দপ্তর/সংস্থা শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন সফটওয়্যারে দাখিল করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৪ দপ্তর/সংস্থাকে তাঁর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৪-মার্চ ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান করে ফিডব্যাকের তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পরামর্শ দেয়া হয়।

অপর পৃষ্ঠায় :

৩.০ সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা/পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক. মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়নকৃত ০৬টি দপ্তর/সংস্থার ফিডব্যাক প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে;

খ. দপ্তর/সংস্থাকে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের (জানুয়ারি ২০২৪-মার্চ ২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান করে ফিডব্যাকের তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক মন্ত্রণালয়কে জানাতে হবে;

গ. দপ্তর/সংস্থাকে স্ব-স্ব ফিডব্যাক প্রতিবেদনে উল্লিখিত মতামত অনুযায়ী (সংযুক্ত) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

০৪। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/**
তারিখ: ৩০-৪-২০২৪
(মোঃ নজরুল ইসলাম)
অতিরিক্ত সচিব (বাজেট,কার্যক্রম ও মূল্যায়ন)
সমাজকল্যাণ মন্ত্রণালয়